গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
পাবনা।
www.fisheries.pabna.gov.bd [৩য় ত্রৈমাস ২.৩]

স্মারক নং: ৩৩.০২.৭৬০০.৪০০.১৭.০০৩.২২.৩৭ তারিখ: ২৪/০১/২০২৩ খ্রি.

# সভার নোটিশ

বিষয়: অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ বিষয়ে সভা আয়োজন।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী কর্মকর্তার কার্যালয়ের ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন ক্ষেত্রের "অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা" অংশের ২.৩ ক্রমিকের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আগামী ৫ ফেব্রুয়ারী ২০২৩ খ্রি. জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, পাবনার সভা কক্ষে প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সকল সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা/খামার ব্যবস্থাপক/স্টেকহোল্ডারগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

(মো: আবুল কালাম আজাদ)
জেলা মৎস্য কর্মকর্তা
পাবনা।

স্মারক নং: ৩৩.০২.৭৬০০.৪০০.১৭.০০৩.২২.৩৭/১(২) তারিখ: ২৪/০১/২০২৩ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরিত হলো।

০১. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০২. দপ্তর নথি।

জেলা মৎস্য কর্মকর্তা
পাবনা।

## অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী:

[সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার ২.৩ নং ক্রমিকের শর্তানুসারে]

সভাপতি: জনাব মো: আবুল কালাম আজাদ, জেলা মৎস্য কর্মকর্তা, পাবনা।

সভার স্থান: সভা কক্ষ, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, পাবনা।

সভার তারিখ: ০৫/০২/২০২৩ খ্রি. সময়: সকাল ১১:০০ ঘটিকা

সভায় অংশগ্রহণকারীগণের উপস্থিতির বিবরনী: পরিশিষ্ট-ক

সভার আলোচ্য বিষয়:

০১. সেবা প্রদান প্রতিশ্রুতি বোর্ড হালনাগাদকরণ।

০২. সেবা প্রদান প্রতিশ্রুতির আওতায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, আপীল কর্মকর্তা, পরিবীক্ষণ কমিটি, ফোকাল পয়েন্ট ও বিকল্প পয়েন্ট কর্মকর্তা নির্ধারণ ও তালিকা প্রকাশ।

০৩. সেবা গ্রহীতাদের নিকট হতে সেবা প্রদানকারীর প্রত্যাশিত কাগজপত্র/তথ্যাদির চাহিদা।

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি কমিটির সদস্য সচিব সিনিয়র সহকারী পরিচালককে সভার আলোচ্য সূচী ধারাবাহিকভাবে উপস্থাপনের নির্দেশ প্রদান করেন। সভাপতি মহোদয়ের অনুমোদনক্রমে সদস্য সচিব আলোচনার সূত্রপাত করেন।

### আলোচনা-০১: সেবা প্রদান প্রতিশ্রুতি বোর্ড হালনাগাদকরণ।

সদস্য সচিব জানান যে, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, পাবনা তার সেবা প্রদান প্রতিশ্রুতি বোর্ডে বর্ণিত নাগরিক সেবা, দাপ্তরিক সেবা ও অভ্যন্তরীণ সেবা সরকারি নিদের্শনা অনুসরণে প্রদান করে চলেছে। সেবা প্রদান প্রতিশ্রুতি বোর্ডটি হালনাগাদ করে উহা দৃশ্যমান স্থানে স্থাপন করা প্রয়োজন। তিনি আরও বলেন উপজেলা মৎস্য দপ্তরসমূহ ও মৎস্যবীজ উৎপাদন খামারসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি বোর্ডগুলো মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত ফরম্যাট/ছক ও মৎস্য অধিদপ্তরের তথ্যানুসারে সজ্জিত ও হালনাগাদকৃত কিনা তা যাঁচাই ও হালনাগাদ প্রয়োজন। এ বিষয়ে সভাপতি সভায় অংশগ্রহণকারীগণের দৃষ্টি আকর্ষণপূর্বক মতামত চান। অংশগ্রহণকারীগণ মতামত প্রদান অন্তে নিম্নের সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত-০১:** জেলা মৎস্য দপ্তরসহ আওতাধীন সকল উপজেলা দপ্তর ও মৎস্যবীজ উৎপাদন খামার মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত আট কলামের ফরম্যাট/ছক ও মৎস্য অধিদপ্তরের তথ্যানুসারে আকর্ষণীয় ও দৃষ্টিনন্দন নকশায় নিজ নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি বোর্ডটি হালনাগাদ করে আগামী ২৩/০৩/২০২৩ খ্রি. তারিখের মধ্যে উহা দৃশ্যমান স্থানে স্থাপন করবেন এবং প্রমাণক হিসেবে সেবা প্রদান প্রতিশ্রুতি বোর্ডের স্থিরচিত্র ও বোর্ডে প্রদর্শিত তথ্যের সফটকপি জেলা মৎস্য দপ্তরে প্রেরণ করবেন এবং ওয়েব পোর্টালে আপলোড নিশ্চিত করবেন। যেসকল দপ্তরে হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি বোর্ড স্থাপিত আছে, সেসকল দপ্তর কেবল হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি বোর্ডের স্থিরচিত্র ও বোর্ডে প্রদর্শিত তথ্যের সফটকপি জেলা মৎস্য দপ্তরে প্রেরণ করবেন এবং ওয়েব পোর্টালে আপলোড নিশ্চিত করবেন। একই সাথে ওয়েব সাইটে প্রদর্শনের জন্য মৎস্য অধিদপ্তরের অনুকরণে সাত কলামে সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে ওয়েব পোর্টালে আপলোড করবেন এবং ওয়েব পোর্টাল/লিংকের স্ক্রিন প্রিন্ট প্রমাণক হিসেবে জেলা মৎস্য দপ্তরে দাখিল করবেন।

**আলোচনা-০২: সেবা প্রদান প্রতিশ্রুতির আওতায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, আপীল কর্মকর্তা, পরিবীক্ষণ কমিটি, ফোকাল পয়েন্ট ও বিকল্প পয়েন্ট কর্মকর্তা নির্ধারণ ও তালিকা প্রকাশ।**

সদস্য সচিব জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি হ্যান্ডআউট ও পরিপত্রের আলোকে সেবা প্রদান প্রতিশ্রুতি যথাযথ বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, আপীল কর্মকর্তা, পরিবীক্ষণ কমিটি, ফোকাল পয়েন্ট ও বিকল্প পয়েন্ট কর্মকর্তা নির্ধারণ ও তালিকা প্রকাশ আবশ্যক/প্রয়োজন। যদিও মাঠ পর্যায়ে জনবল সীমিত, তবুও বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন ক্ষেত্রের কার্যক্রম বাস্তবায়নের সুবিধার্থে উল্লিখিত পদে জনবলকে দায়িত্ব দিয়ে তালিকা প্রকাশ, জেলা দপ্তরে তালিকা প্রেরণ ও ওয়েব পোর্টালে আপলোড প্রয়োজন। এ বিষয়ে আলোচনান্তে নিম্নের সিদ্ধান্ত গৃহীত হলো।

**সিদ্ধান্ত-০২:** আলোচনার আলোকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, আপীল কর্মকর্তা, পরিবীক্ষণ কমিটি, ফোকাল পয়েন্ট ও বিকল্প পয়েন্ট কর্মকর্তা নির্ধারণ করে তালিকা প্রকাশ, প্রকাশিত তালিকা জেলা মৎস্য দপ্তরে প্রেরণ ও ওয়েব পোর্টালে আপলোডের সিদ্ধান্ত গৃহীত হলো।

**আলোচনা-০৩: সেবা গ্রহীতাদের নিকট হতে সেবা প্রদানকারীর প্রত্যাশিত কাগজপত্র/তথ্যাদির চাহিদা।**

সদস্য সচিব জানান যে, অভ্যন্তরীণ সেবার ক্ষেত্রে আওতাধীন দপ্তরের কর্মকর্তা- কর্মচারীগণ উচ্চতর গ্রেড, শ্রান্তি বিনোদনসহ বিভিন্ন ছুটি, আর্থিক মঞ্জুরী প্রভৃতি কাজে যথাযথ/পরিপূর্ণ কাগজপত্রাদি দাখিল না করায় সেবা প্রদান প্রতিশ্রুতি বোর্ডে প্রদর্শিত নির্ধারিত সময়ে সেবা প্রদান সম্ভব হয়না। এটি শুদ্ধাচার/সরকারি বিধির লঙ্ঘন। এ বিষয়ে আলোচনান্তে নিম্নের সিদ্ধান্ত গৃহীত হলো।

**সিদ্ধান্ত-০৩:** এখন হতে সকল সেবা গ্রহীতা আবেদনের সাথে যথাযথ কাগজপত্রাদি দাখিল করে সেবা প্রদান প্রতিশ্রুতি বোর্ডে প্রদর্শিত নির্ধারিত সময়ে সেবা গ্রহণ করবেন। আবেদনের সাথে যথাযথ কাগজপত্রাদি সংযুক্ত না করা পর্যন্ত আবেদন গ্রহণ করা হবেনা। আবেদন গ্রহণকালে সেবা প্রদানকারী আবেদনের বিষয়, আবেদন নম্বর ও দাখিলের তারিখ লিখে আবেদনকারীকে লিখিত প্রাপ্তি স্বীকার প্রদান করবেন এবং আবেদনে সংশ্লিষ্ট সেবা প্রদানের সময়সীমা উল্লেখ করে আবেদন উর্ধ্বগামী করবেন।

**বিবিধ:** সভাপতি মহোদয় সেবা প্রদান প্রক্রিয়া সহজীকরণ ও ডিজিটাইলেজশনের উপর গুরুত্বারোপ করেন এবং সেবা প্রদান প্রতিশ্রুতির অন্তর্নিহিত তাৎপর্য যথা স্বচ্ছতা, জবাবদিহিতা ও দায়বদ্ধতা অন্তরে ধারণ করে সেবা প্রদান ও গ্রহণের জন্য অংশগ্রহণকারীদের অনুরোধ জানান। সভায় অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৫/০২/২০২৩

মো: আবুল কালাম আজাদ
জেলা মৎস্য কর্মকর্তা
পাবনা।

স্মারক নং ৩৩.০২.৭৬০০.৪০০.১৭.০০৩.২২.৫১/১(২)
তারিখ: ০৫/০২/২০২৩ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরিত হলো।
০১. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০২. দপ্তর নথি।

জেলা মৎস্য কর্মকর্তা
পাবনা।

অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগনের সমন্বয়ে অবহিতকরন বিষয়ে উপস্থিতি হাজিরা

তাং- ০৫/০২/২৬

| ক্রঃনং | কর্মকর্তার নাম | পদবী ও কর্মস্থল | মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১। | সুজিত কুমার মুন্সী | SUFO, চাটমোহর | ০১৭১২৬৭৮২৭৭ | |
| ২। | মোঃ আব্দুল মতিন | SUFO, Faridpur | 01769-459693 | |
| ৩। | আনিলা ফারহানা | SUFO, ঈশ্বরদী | 01769-459689 | |
| ০৪। | মোঃ শরিফুল ইসলাম | UFO, আটঘরিয়া | 01769-459690 | |
| ০৫। | মোঃ খাদেমুল ইসলাম | UFO, সাঁথিয়া | 01769459696 | |
| ০৬। | মোঃ আব্দুল খালেক | FM, চাটমোহর | 01769459699 | |
| ০৭। | ইমাম: ওবায়দুল আবেদীন | FM সদর | 01769459687 | |
| ০৮ | মোঃ সাইফুল ইসলাম | AFO, বেড়া | 01580854747 | |
| ০৯ | এস.এম. রেজাউল | AFO ঈশ্বরদী | [illegible] | |
| ১০। | মোঃ নুরে আলম রাসেল রানা | UFO (cc) সুজানগর | 01718-70871 | |
| ১১। | মোঃ মাহমুদুজ্জামান | UFO (cc) বেড়া | 01718674439 | |
| ১২ | মোঃ আলী আজম | FEO, ভাঙ্গুড়া | 01718611699 | |

০৫/০২/২০২৬

মোঃ আবুল কালাম আজাদ
জেলা মৎস্য কর্মকর্তা
পাবনা।

০৫/০২/২৬

অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ বিষয়ে উপস্থিতির হাজিরা

তাং:- ০৫/০২/২৩

| ক্র.নং | অংশীজন/স্টেকহোল্ডারের নাম | পদবী/কার্য | মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১। | মোঃ মোক্তার হোসেন | পলিসি চাটমোহর | 01724-224352 | মোক্তার মো: |
| ০২। | মো: ফজলুল হক | মৎস্যচাষী | 01716-924590 | ফজলুল হক |
| ০৩ | মো: আ: সালাম | ম্যানেজার সাজিদ (মৎস্য) | 01716-305593 | Asalam |
| ০৪। | মো: মোস্তাফিজুর রহমান | ম্যানেজার ব্যাংক | 01730-347192 | মোস্তাফিজ |
| ০৫। | মো: রুবেল হোসেন | মৎস্যখাদ্য বিক্রেতা | 01789-317111 | Rubel |
| ০৬। | মো: সাজ্জাদ হোসেন | ADM. CP হ্যাচারী | 01787-622527 | Sajjad |
| ০৭। | মজিবুর রহমান | পলিসি আটঘরিয়া | 01725-036355 | [illegible] |
| ০৮। | মো: নজরুল হোসেন | নার্সারী | 01716-728447 | নজরুল মো: |
| ০৯। | মো: ইলিয়াস হোসেন | মৎস্যখাদ্য বিক্রেতা | 01718-876211 | ইলিয়াস |
| ১০। | মো: আ: হালিম | ফিডডিলার ঈশ্বরদী | 01721-340913 | আ: হালিম |

[signature]
মোঃ আবুল কালাম আজাদ
জেলা মৎস্য কর্মকর্তা
পাবনা।
০৫/০২/২৩